গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.২২.০০১.১৫- ৬০১

তারিখ: ১২ পৌষ ১৪২৮ / ২৭ ডিসেম্বর ২০২১

বিষয়: দেশের ০৩টি সরকারি আলিয়া মাদ্রাসা এবং বেসরকারি স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহের ২০২২ শিক্ষাবর্ষের ছুটি সংক্রান্ত।

সূত্র: কারিগরি মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৫৫.৩৩.০১০.২১.১৬৫, তারিখ: ০৯.১২.২০২১ **(২৭.১২.২০২১ তারিখে ইস্যুকৃত)**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যে, দেশের ০৩টি সরকারি আলিয়া মাদ্রাসা এবং সকল বেসরকারি স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহের জন্য ২০২২ শিক্ষাবর্ষের **ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জিকা** পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

**২০২২ সালের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জিকা**

| ক্রমিক | ছুটির উপলক্ষ্য | অনুমোদিত ছুটির সপ্তাহের দিনের নাম ও ইংরেজি তারিখ | অনুমোদিত ছুটির তারিখ, বঙ্গাব্দ | দিন |
|---|---|---|---|---|
| ১. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | সোমবার, ২১ ফেব্রুয়ারি ২০২২ | ০৮ ফাল্গুন, ১৪২৮ | ১ দিন |
| ২ | *শব-ই-মিরাজ | মঙ্গলবার, ০১ মার্চ ২০২২ | ১৬ ফাল্গুন ১৪২৮ | ১দিন |
| ৩ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস | বৃহস্পতিবার, ১৭ মার্চ ২০২২ | ০৩ চৈত্র ১৪২৮ | ১ দিন |
| ৪ | * শব-ই-বরাত | শনিবার, ১৯ মার্চ ২০২২ | ০৫ চৈত্র ১৪২৮ | ১ দিন |
| ৫ | স্বাধীনতা ও জাতীয় দিবস | শনিবার, ২৬ মার্চ ২০২২ | ১২ চৈত্র ১৪২৮ | ১ দিন |
| ৬ | বাংলা নববর্ষ * পবিত্র রমজান, জুমআতুল-বিদা, লাইলাতুল কদর, মে দিবস ও ঈদ-উল ফিতর | শনিবার, ০২ এপ্রিল ২০২২ থেকে সোমবার, ০৯ মে ২০২২ | ১৯ চৈত্র ১৪২৮ থেকে ২৬ বৈশাখ ১৪২৯ | ৩৩দিন |
| ৭ | *বুদ্ধ পূর্ণিমা (বৈশাখী পূর্ণিমা) | রবিবার, ১৫ মে ২০২২ | ০১ জ্যৈষ্ঠ ১৪২৯ | ১ দিন |
| ৮ | গ্রীষ্মকালীন অবকাশ ও *পবিত্র ঈদ-উল-আযহা | শনিবার, ০২ জুলাই ২০২২ থেকে বৃহস্পতিবার, ১৪ জুলাই ২০২২ | ১৮ আষাঢ় ১৪২৯ থেকে ৩০ আষাঢ় ১৪২৯ | ১২ দিন |
| ৯ | *হিজরি নববর্ষ | রবিবার, ৩১ জুলাই ২০২২ | ১৬ শ্রাবণ ১৪২৯ | ১ দিন |
| ১০ | *পবিত্র আশুরা | মঙ্গলবার, ০৯ আগস্ট ২০২২ | ২৫ শ্রাবণ ১৪২৯ | ১ দিন |
| ১১ | জাতীয় শোক দিবস | সোমবার, ১৫ আগষ্ট ২০২২ | ৩১ শ্রাবণ ১৪২৯ | ১ দিন |
| ১২ | জন্মাষ্টমী | বৃহস্পতিবার, ১৮ আগষ্ট ২০২২ | ০৩ ভাদ্র ১৪২৯ | ১ দিন |
| ১৩ | *আখেরি চাহার সোম্বা | বুধবার, ২১ সেপ্টেম্বর ২০২২ | ০৬ আশ্বিন ১৪২৯ | ১ দিন |
| ১৪ | দূর্গাপূজা (বিজয়া দশমী) | বুধবার ০৫ অক্টোবর ২০২২ | ২০ আশ্বিন ১৪২৯ | ১ দিন |
| ১৫ | * পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবি (সা.) | রবিবার, ০৯ অক্টোবর ২০২২ | ২৪ আশ্বিন ১৪২৯ | ১ দিন |
| ১৬ | *ফাতেহা-ই- ইয়াজ দাহম | সোমবার, ০৭ নভেম্বর ২০২২ | ২২ কার্তিক ১৪২৯ | ১ দিন |
| ১৭ | শীতকালীন অবকাশ, মহান বিজয় দিবস ও ঈসা (আ.) এর জন্মদিন (বড়দিন) | বুধবার, ১৪ ডিসেম্বর ২০২২ থেকে মঙ্গলবার, ২৭ ডিসেম্বর ২০২২ | ২৯ অগ্রহায়ণ ১৪২৯ থেকে ১২ পৌষ ১৪২৯ | ১৩দিন |
| ১৮ | মাদ্রাসা প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৩দিন |
| | | | **মোট** | ৭৫ দিন |

***চিহ্নিত ছুটির তারিখ চাঁদ দেখার উপর নির্ভরশীল।**

**পরীক্ষার সময়সূচি- ২০২২ খ্রিষ্টাব্দ**

| পরীক্ষার নাম | বার ও তারিখ | দিন সংখ্যা | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|
| অর্ধ-বার্ষিক পরীক্ষা | সোমবার, ১৩ জুন থেকে বৃহস্পতিবার ৩০ জুন | ১৬দিন | রবিবার, ১৭ জুলাই |
| দাখিল নির্বাচনী পরীক্ষা | শনিবার, ০১ অক্টোবর থেকে বৃহস্পতিবার ২০ অক্টোবর | ১৬দিন | রবিবার, ০৬ নভেম্বর |
| বার্ষিক পরীক্ষা | শনিবার, ২৬ নভেম্বর থেকে মঙ্গলবার ১৩ ডিসেম্বর | ১৬দিন | বৃহস্পতিবার, ২৯ ডিসেম্বর |

**অনুসরনীয় নির্দেশনাঃ**

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারি ২০২২ থেকে ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত। কোভিড-১৯ এর কারণে পাঠ্যপুস্তক বিতরণ বা অন্য কোন বিষয়ে সরকারি নির্দেশনা অনুযায়ী যথাযথ কার্যক্রম/ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

২. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার গুণগত মান বৃদ্ধিকল্পে উল্লিখিত সময়সূচি মোতাবেক অর্ধ-বার্ষিক পরীক্ষা, নির্বাচনি পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা নিশ্চিত করবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১ (এক) বছর সংরক্ষণ করবে।

৩. মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ স্ব-স্ব মাদ্রাসার পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই প্রশ্নপত্র ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার) ব্যতীত বছরে মোট ছুটি ৭৫ দিন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে, সে সকল দিন উক্ত ৭৫ দিনের অন্তর্ভুক্ত হবে।

৬. কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে মাদ্রাসা ছুটি দেয়া যাবেনা, সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।

৮. উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, ইবতেদায়ী সমাপনী পরীক্ষা, জুনিয়র দাখিল সার্টিফেকেট পরীক্ষা ও অন্যান্য পরীক্ষার সময়ে প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।

৯. পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতীত অন্যান্য মাদ্রাসায় যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।

১০.প্রত্যেক মাদ্রাসায় দৈনিক পাঠের ডায়েরী ছাপাতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিতরণ করতে হবে। এ ডায়রীতে ছাত্র-ছাত্রী পরিচিতি, আচরণ বিধি, অভিভাবকদের প্রতি পরামর্শ, শিক্ষকগণের নাম, ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরী নির্দেশাবলী, ছুটির তালিকা এবং ক্লাস রুটিন অন্তর্ভুক্ত থাকবে। ডায়েরীতে প্রতিদিন অভিভাবকের স্বাক্ষর নিতে হবে।

১১.পবিত্র ঈদ-ই-মিল্লাদুন্নবী (স.), শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর জন্ম দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, জাতীয় শোক দিবস, বিজয় দিবসসহ অন্যান্য জাতীয় দিবসে প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে; তবে মাদ্রাসায় সংশ্লিষ্ট দিবসের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে সরকারি কর্মসূচির আলোকে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

১২.প্রতিটি মাদ্রাসায় সরকার ঘোষিত সৃজনশীল মেধা অন্বেষণ কর্মসূচি পালন করতে হবে। সেসাথে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ২০২২ সনের জন্য শিক্ষার উন্নয়নমুলক পরিকল্পনা প্রণয়নক্রমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

১৩. সংরক্ষিত ছুটি ভোগ করলে সংশ্লিষ্ট মাদ্রাসাকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় বরাবরে অবহিত করতে হবে।

১। অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া।
২। অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান ........... সকল বেসরকারি মাদ্রাসা ।

29/12/2021

মাহফুজা ইয়াছমিন
সহকারী পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৬৩
adm.dmeb@gmail.com

সদয় অনুলিপি কার্যার্থে
১। জেলা প্রশাসক.....(সকল)
২। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল)
৩। উপ পরিচালক, মাউশি .... (সকল অঞ্চল)
৪। জেলা শিক্ষা অফিসার.....(সকল)
৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার.... (সকল)
} তাঁর আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ।

সদয় অনুলিপি জ্ঞাতার্থে
১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (মাদ্রাসা/প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩। বিভাগীয় কমিশনার ..........(সকল)।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।